

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
(প্রশিক্ষণ ও শৃঙ্খলা)  
[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

স্মারক নং-ভূ:ম:/যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৫১

তারিখ: ০৮/০২/২০১৭খ্রিঃ

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম

সূত্র: ০৪.০০.০০০০.২২২.২৭.০৩৫.৩৫.০৫, তারিখ: ০৭/০১/২০১৫খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের জানুয়ারি-২০১৭ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট(১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
০২	০৩	০৫	০৫		০০	
				<p>(১) জনাব মো: রহমত উল্যা, পিতা: মৃত হাবিব উল্যা, সাকিন: মাইজদী, নাপিতের পুল, মাইজদী, পো: মাইজদী কোর্ট, উপজেলা: সদর, জেলা: নোয়াখালী কর্তৃক স্বচ্ছল ও ভূমির মালিকানা থাকা স্বত্ত্বেও অসত্য ও তৎসংকতার মাধ্যমে ভূমিহীন সেজে জমি বন্দোবস্ত নেওয়ায় নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলার বন্দোবস্ত নথি নং : ২৬৫৩/১৯৯৯-২০০০ ইং মূলে সৃজিত ১০৪৬ নং খতিয়ান ও বন্দোবস্ত নথি নং : ২৩০/২০১৩-১৪ ইং মূলে সৃজিত ১৮০২ নং খতিয়ান এবং বন্দোবস্ত নথি নং: ২২৯/২০১৩-১৪ ইং নথিমূলে সৃজিত ১৮০৩ নং খতিয়ান বাতিল ও তাঁর বিরুদ্ধে প্রতিকারের প্রার্থনা করে দাখিলকৃত অভিযোগটি তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক, নোয়াখালী-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>(২) জনাব মো: হাফিজুর রহমান, বন্দরখোলা, পাঁচচর, শিবচর, মাদারীপুর কর্তৃক তাঁর ভাই জনাব মাহমুদুল হাসান-এর গত ২২/১২/২০১৬খ্রিঃ তারিখ পদ্মা সেতুর রেলওয়ের জন্য অধিগ্রহণকৃত ভূমিতে অবস্থিত ঘরবাড়ি ও গাছের বিল উত্তোলন করতে গেলে ৩ লক্ষ টাকা ঘুষ গ্রহণ ও অন্যান্য বিষয়ে অনলাইনে দাখিলকৃত অভিযোগটি তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক, মাদারীপুর-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৩) জনাব মো: শাহাব উদ্দিন, পিতা: এনামুল হক তালুকদার, পাহারতলী, রাউজান, চট্টগ্রাম কর্তৃক চট্টগ্রাম জেলার রাউজান থানার পাহারতলী ৯নং ইউনিয়ন পাহাড়তলী মৌজা বিএস দাগ-৬৫৭৯/৩ এর ০.৬৫ শতক জমি ভূমিহীন হিসেবে স্থায়ী বন্দোবস্ত ৮৪/৯৩-৯৪ এর খতিয়ান বের করা নিয়ে জটিলতা এবং এ বিষয়ে সরেজমিনে তদন্তকালে সার্ভেয়ারের বিরুদ্ধে দলিলপত্র আমলে না নেয়ার বিষয়ে অনলাইনে দাখিলকৃত অভিযোগটি তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে।</p>		

			<p>(৪) জনাব পূজন কুমার আচার্য,দুর্গাপুর,মিরসরাই,চট্টগ্রাম কর্তৃক অনলাইনে দাখিলকৃত অভিযোগে জানিয়েছেন যে ২৭-১৯৭২/৭৩ সালে সরকার থেকে লিজ নেয়া সম্পত্তির বিরুদ্ধে তাদের প্রতিবেশী শিশির কান্তি আচার্য কর্তৃক জজ কোর্ট,চট্টগ্রামে দায়েরকৃত মামলায় তাদের পক্ষে রায় হয়। পরবর্তীতে শিশির কান্তি আচার্য হাইকোর্টে আপীল করেন(কেস নং: ১০৩৮)। হাইকোর্ট থেকেও তাদের পক্ষে রায় হয়। তিনি এ রায়ের প্রেক্ষিতে পুনরায় লিজ আবেদন নিয়ে সহকারী কমিশনার (ভূমি),মিরসরাই,চট্টগ্রাম এর অফিসে গেলে সহকারী কমিশনার (ভূমি) জানান যে তাঁর চাচা হারাধন আচার্য ২০০৭ সালে পূর্বতন সহকারী কমিশনার(ভূমি),মিরসরাই,চট্টগ্রাম হতে লিজ নিয়েছেন। হাইকোর্টে মামলা চলাকালীন উক্ত জমি তাঁর চাচা হারাধন আচার্যের অনুকূলে লীজ প্রদান করা হয়েছে।</p> <p>এ বিষয়ে তদন্তপূর্বক বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য জেলা প্রশাসক,চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>(৫) সহকারী কমিশনার(ভূমি) জনাব মো: শামীম কিবরিয়া-এর বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার,দুর্নীতি ও অনিয়মের অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলা প্রশাসক,নরসিংদীকে অনুরোধ করা হয়েছে।</p>	
--	--	--	--	--



(মো: মজিবর রহমান)

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

ফোনঃ ৯৫৪৬৫১০

E.mail:mojiburrahman3680@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়,ঢাকা

(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব,সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং-ভূ:ম:যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৫১/১(৩)

তারিখ:০৮/০২/২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। উপসচিব(প্রশাসন),ভূমি মন্ত্রণালয়।

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব,ভূমি মন্ত্রণালয়। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। প্রোগ্রামার,ভূমি মন্ত্রণালয় (তাঁকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৪। মাস্টার কপি।

০৫। অফিস কপি।



(মো: মজিবর রহমান)

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা